



শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা, বাংলাদেশ
সংস্থাপন শাখা
ওয়েবসাইট: www.shu.edu.bd

নম্বর: ৩৭.০১.৭২০১.০১৪.১১.০০৩.২৩.২৭

১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি


শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

ক্রম	পদের নাম, বয়স ও পদসংখ্যা	শর্তাবলী
০১	পরীক্ষা নিয়ন্ত্রক ৫৬,৫০০-৭৪,৪০০/- (গ্রেড-৩) ন্যূনতম ৪৫ বছর পদসংখ্যা: ০১	* প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান)-সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। * প্রার্থীকে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের পদে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের পদে ন্যূনতম ৪ (চার) বছর অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৬ (ষোল) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা * কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের পদে ন্যূনতম ৬ (ছয়) বছরের চাকুরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৬ (ষোল) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। * পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপর্যুক্ত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
০২	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) অনূর্ধ্ব ৩০ বছর পদসংখ্যা: ০১	* প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের কোনো স্বীকৃত ইন্সটিটিউট থেকে প্রকৌশলে (সিভিল) ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা/ বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
০৩	জুনিয়র লাইব্রেরি সহকারী ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) অনূর্ধ্ব ৩০ বছর পদসংখ্যা: ০১	* প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা অথবা যেকোন বিষয়ে স্নাতক পাস হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।
০৪	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) অনূর্ধ্ব ৩০ বছর পদসংখ্যা: ০১	* প্রার্থীকে অবশ্যই এসএসসি পাস হতে হবে।

আবেদনের শর্তাবলি:

- আগ্রহী প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরম (www.shu.edu.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে) যথাযথভাবে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র A4 খামে জমা দিতে হবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই জমা প্রদান করতে হবে-
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত প্রতিলিপি।
 - নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি।
 - সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৭ কপি সত্যায়িত ছবি (মূল সেটের সাথে ৩ কপি এবং অবশিষ্ট প্রতি সেটের সাথে ১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে)।
 - যে কোনো এক সেট আবেদনপত্রের সাথে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখা থেকে রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা বরাবর ক্রম ১ এর পদের জন্য ৬০০ টাকা, ক্রম ২ এর জন্য ৫০০ টাকা, ক্রম ৩ এর জন্য ২০০ টাকা এবং ক্রম ৪ এর জন্য ১০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।
 - ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

- ৪) আবেদনপত্র আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে ডাকযোগে রেজিস্ট্রার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-২৪০০ ঠিকানায় পৌঁছাতে হবে। সরাসরি বা কুরিয়ারের মাধ্যমে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি অনুসৃত হবে।
- ৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৭) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।




২৭-০১-২০২৪
ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ
রেজিস্ট্রার

নম্বর: ৩৭.০১.৭২০১.০১৪.১১.০০৩.২৩.২৭/১ (৮)

১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী রেজিস্ট্রার, প্রশাসন শাখা, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ২। সহকারী রেজিস্ট্রার, সংস্থাপন শাখা, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৩। সহকারী পরিচালক, বাজেট শাখা, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৪। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
- ৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (বহল প্রচারের অনুরোধসহ);
- ৬। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। কম্পিউটার অপারেটর, রেজিস্ট্রার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় এবং
- ৮। ডেসপাচ ক্লার্ক (চলতি দায়িত্ব), রেজিস্ট্রার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়।



২৭-০১-২০২৪
ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ
রেজিস্ট্রার